

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা

www.bpatc.org.bd

(পিপিআর অনুবিভাগ)

০৩ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ

নং-০৫.০১.২৬৭২.১৪০.২৫.০৬৩.১৯, ৩৯১

তারিখ:

১৬ এপ্রিল ২০১৯ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের বাইরে ৮টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে (বিসিএস প্রশাসন একাডেমি, ঢাকা; বিয়াম ফাউন্ডেশন, ঢাকা; টেলিকমিউনিকেশন স্টাফ কলেজ, গাজীপুর; পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া; বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা; পোস্টাল একাডেমী, রাজশাহী; আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম এবং বিয়াম ফাউন্ডেশন, বগুড়া) ০১/০৪/২০১৯ হতে ২৭/০৯/২০১৯ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাস মেয়াদে ৬৮তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে। উক্ত প্রতিষ্ঠানসমূহের কোর্সের সার্বিক তত্ত্বাবধানের জন্য ১০ জন অনুযদ সদস্যের সমন্বয়ে কোর্স ম্যানেজমেন্ট টিম (CMT) গঠন করা হয়। কোর্স ম্যানেজমেন্ট টিমের (CMT) সদস্য এবং অন্যান্য অনুযদ সদস্যগণ কোর্সের তত্ত্বাবধান ও সেশন পরিচালনার জন্য সংশ্লিষ্ট ৮টি প্রতিষ্ঠানসমূহে গমন ও প্রয়োজনে অবস্থান করতে পারবেন। এজন্য তারা কেন্দ্র থেকে বিধি মোতাবেক ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা প্রাপ্য হবেন।

২। ভ্রমণের ক্ষেত্রে অনুসরণীয় বিষয়াবলি নিম্নরূপ:

- ৬৮তম এফটিসি-এর সমন্বয়কবন্দ মাসে সর্বোচ্চ দুইবার তদারকি ভ্রমণে যেতে পারবেন এবং প্রতিবার তারা ২ দিনের বেশি অবস্থান করবেন না। তবে ভ্রমণের ক্ষেত্রে সাপ্তাহিক ছুটি ব্যবহার করা যেতে পারে;
- কোর্স উপদেষ্টা ও কোর্স পরিচালক প্রয়োজন অনুযায়ী তদারকি ভ্রমণে ঢাকার বাইরে যেতে পারবেন;
- বিভিন্ন বিষয়ে সেশন পরিচালনার জন্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অনুরোধের প্রেক্ষিতে অন্যান্য অনুযদ সদস্যগণ সংশ্লিষ্ট নিয়ন্ত্রণাকারী কর্মকর্তার অনুমতি নিয়ে ঢাকার বাইরে যেতে পারবেন। তবে এ ক্ষেত্রে বিপিএটিসিতে সেশন পরিচালনাকে অগ্রাধিকার দেবেন;
- SDGs মডিউলে সেশন পরিচালনার জন্য বিপিএটিসি-এর expert-group এককভাবে তা পরিচালনা করবেন। প্রয়োজনে expert-group সম্প্রসারণ করতে হবে এবং একাধিক টিম বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সেশন পরিচালনায় গমন করবেন। এক্ষেত্রে BPATC'র Session অগ্রাধিকার পাবে;
- যেহেতু BPATC'র কোর্সটিতে অনেক বেশী প্রশিক্ষণার্থী থাকবেন সেজন্য কোন অনুযদ সদস্যকে কোন সেশন পরিচালনার অনুরোধ জানানো হলে তা অবশ্য পালনীয় হিসাবে গণ্য করতে হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-

(মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া)

পরিচালক (পিপিআর)

ফোন: ৭৭৪৬৬০৭/৪১১৫

ফ্যাক্স : ৭৭৪৫০২৯

০৩ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ

নং-০৫.০১.২৬৭২.১৪০.২৫.০৬৩.১৯, ৩৯১

তারিখ:

১৬ এপ্রিল ২০১৯ খ্রিষ্টাব্দ

বিতরণ: সদয় অবগতি/অবগতি/ সদয় কার্যার্থে/কার্যার্থে —

- অনুযদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা।
২. পি. এস. টু রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সহকারী প্রোগ্রামার, বিপিএটিসি, সাভার, ঢাকা (বিপিএটিসি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. সংশ্লিষ্ট নথি।

(মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া)
পরিচালক (পিপিআর)